

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.১১৭০

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯

০৮ ডিসেম্বর ২০২২


বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রদানের লক্ষ্যে গ্রহণের লক্ষ্যে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের অবমুক্তকরণ প্রসঙ্গে।

আগামী ১২ ডিসেম্বর ২০২২, সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ এর উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি অনুষ্ঠানস্থলে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রদান করবেন বিধায় প্রত্যেক পুরস্কার বিজয়ীকে আগামী ১২ ডিসেম্বর ২০২২, সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) উপস্থিত থাকতে হবে। 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' বিজয়ীদের মধ্যে নিম্নোক্ত ০৪ (চার) জন জেলা প্রশাসক এবং ০৩ (তিন) জন অতিরিক্ত জেলা প্রশাসক মনোনীত হয়েছেন যাদের আগামী ১১ ও ১২ ডিসেম্বর ২০২২ তারিখ নিজ কর্মস্থল হতে অবমুক্ত হওয়া প্রয়োজন।

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর জন মনোনীত ক্যাটাগরি	উদ্যোগের নাম
১.	জনাব মোহাম্মদ মিজানুর রহমান জেলা প্রশাসক, রাজামাটি পার্বত্য জেলা	জেলা পর্যায় সাধারণ-দলগত-সরকারি	অনলাইনে উত্তরাধিকার সনদপত্র প্রদান
২.	জনাব মোহাম্মদ এনামুল হক জেলা প্রশাসক, ময়মনসিংহ	জেলা পর্যায় কারিগরি-ব্যক্তিগত-সরকারি	ট্রেজারি অটোমেশন
৩.	জনাব ইয়াছমিন পারভীন তিবরীজি জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা	জেলা পর্যায় কারিগরি-দলগত-সরকারি	বিদেশি পর্যটকদের বান্দরবান ভ্রমণে অনুমোদন প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে ওয়েব বেজড সফটওয়্যার
৪.	জনাব মোহাম্মদ কামরুল হাসান জেলা প্রশাসক, কুমিল্লা	জেলা পর্যায় কারিগরি-প্রাতিষ্ঠানিক-সরকারি	কুমিল্লায় স্মার্ট শিক্ষা কার্যক্রম: 'ল্যাব মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সিস্টেম' এবং 'শিক্ষায়তন' সফটওয়্যারের ব্যবহার
৫.	জনাব মোঃ সাইফুল ইসলাম অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজামাটি পার্বত্য জেলা	জেলা পর্যায় সাধারণ-দলগত-সরকারি	অনলাইনে উত্তরাধিকার সনদপত্র প্রদান
৬.	জনাব এস,এম, ফেরদৌস ইসলাম অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজামাটি পার্বত্য জেলা	জেলা পর্যায় সাধারণ-দলগত-সরকারি	অনলাইনে উত্তরাধিকার সনদপত্র প্রদান
৭.	জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বান্দরবান পার্বত্য জেলা	জেলা পর্যায় কারিগরি-দলগত-সরকারি	বিদেশি পর্যটকদের বান্দরবান ভ্রমণে অনুমোদন প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে ওয়েব বেজড সফটওয়্যার

০৩। এমতাবস্থায়, আগামী ১১ ও ১২ ডিসেম্বর ২০২২ তারিখ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য মনোনীত ০৪ (চার) জন জেলা প্রশাসক ও ০৩ (তিন) জন অতিরিক্ত জেলা প্রশাসককে অবমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



৮-১২-২০২২

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ

অতিরিক্ত সচিব

ফোন: +৮৮-০২-৪১০২৪০৪১

ফ্যাক্স: +88-02-55006882

ইমেইল: [navid.safiullah@ictd.gov.bd](mailto:navid.safiullah@ictd.gov.bd)

মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব)

মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.১১৭০/১(৩)

তারিখ: ২৩ অগ্রহাষণ ১৪২৯


০৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



৮-১২-২০২২

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ

অতিরিক্ত সচিব